

৪৭

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের জন্য শাহজালাল ব্যাংকের বৃত্তি

এই প্রথম শাহজালাল ইসলামী ব্যাংক ফাউন্ডেশন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ দক্ষিণ মেধাবী শিক্ষার্থীদের জন্য চালু করেছে বিশেষ বৃত্তি। সম্ভাব্যজনক ফসফস ও প্রতিষ্ঠান প্রধানের সুপারিশের প্রেক্ষিতে নির্দিষ্ট কোর্সের সমুদয় সময়ের জন্য দারিফ জিজিভিতে এই বৃত্তি নবায়ন করা হবে বলে ব্যাংক সূত্র জানিয়েছে। সিটি কর্পোরেশন এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছাত্রছাত্রীদের মধ্যে যারা বিজ্ঞান বিভাগ থেকে পাস করেছে তাদের জন্য ন্যূনতম সিজিপিএ ধরা হয়েছে ৫। বিজ্ঞান ব্যতীত অন্য শাখা থেকে পাসকৃতদের কমপক্ষে ৪.৭০ পেতে হবে। অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান থেকে পাস করা শিক্ষার্থীদের পেতে হবে ৪.৮০। আর অন্যান্য শাখা থেকে পাসকৃতদের কমপক্ষে পেতে হবে ৪.৩০। এইচএসসির শিক্ষার্থীরা এই বৃত্তি লাভ করতে পারবে দু'বছর।

মাসিক বৃত্তির পরিমাণ ১ হাজার টাকা। আর বার্ষিক পাঠ্য উপকরণ বাবদ এককালীন অনুদান পাবে ২ হাজার টাকা। স্নাতক শ্রেণীর শিক্ষার্থীরা বৃত্তির সুযোগ পাবে ২ থেকে সর্বোচ্চ ৫ বছর। মাসিক টাকার পরিমাণ ১ হাজার ৫শ'। বার্ষিক পাঠ্য উপকরণ বাবদ তাদের দেয়া হবে ৩ হাজার টাকা। এই বৃত্তির ৭৫ ভাগই সিটি কর্পোরেশনের আইবরের শিক্ষার্থীদের দেয়ার কথা জানিয়েছেন ব্যাংকের চেয়ারম্যান সাক্ষাতুল জুমা। তবে অন্য কোন সংস্থা থেকে বৃত্তি লাভ করলে শাহজালাল ইসলামী ব্যাংক ফাউন্ডেশন বৃত্তির আবেদন করা যাবে না। আবার শাহজালাল ব্যাংক ফাউন্ডেশন থেকে বৃত্তির সুবিধাপ্রাপ্তরা অন্য কোথাও বৃত্তির জন্য চেষ্টা করতে পারবে না। আশ্রয়ী শিক্ষার্থীদের অবিলম্বে দরখাস্তসহ পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, অভিভাবকের বাৎসরিক আয়, শিক্ষাপত্র যোগ্যতার সত্যায়িত সনদ, ৪ কপি পাসপোর্ট আকারের ছবি, সদস্য সচিব, শাহজালাল ইসলামী ব্যাংক ফাউন্ডেশন, এনজেন্সাইবিএস প্রধান কার্যালয়, জীবন শীমা ভবন, ১০ নিসকুপা বা/এ, ঢাকা-এই ঠিকানায় পাঠাতে হবে।

অবিল পোদ্ধার

প্রাইম ব্যাংক ফাউন্ডেশনের শিক্ষাবৃত্তি প্রকল্প

দীর্ঘমেয়াদী পরিকল্পনার অংশ হিসাবে শিক্ষাক্ষেত্রে পরিবর্তন আনতে মেধাবী ছাত্রছাত্রীদের উচ্চ শিক্ষা গ্রহণে সহায়তা করার জন্য প্রাইম ব্যাংক ফাউন্ডেশন "শিক্ষাবৃত্তি প্রকল্প" অবর্তন করেছে। পরিবর্তন মেধাবী শিক্ষার্থী তাদের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে ন্যূনতম ৩.৫ জিপিএ নম্বর রয়েছে তারা এই বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। এছাড়া অভিভাবকের মাসিক আয় ৪০০০ টাকার নিচে হলে, অথবা অভিভাবক কুমিহীন বা এক একরের কম জমির মালিক হলে অথবা অভিভাবক শারীরিক বা মানসিক প্রতিবন্ধী হলে অথবা আবেদনকারী এটিম বা শোষা হলে পরিবর্তন হিসাবে গণ্য হবেন। আবেদনকারী উদ্ভিচিত শর্তপূরণ সাপেক্ষে শিক্ষা প্রতিষ্ঠান বা বিভাগীয় প্রধানের সনদপত্র, পৌরসভা অথবা ইউনিয়ন পরিষদের প্রধান কর্তৃক সত্যায়িত অভিভাবকের আয়ের সনদপত্র, সদ্যভোগ্য দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, এসএসসি এবং এইচএসসি পরীক্ষার সনদপত্রের সত্যায়িত কপিসহ প্রাইম ব্যাংক ফাউন্ডেশনের প্রধান নির্বাহী বরাবর ২৯, রাজউক এডিনিউ (৩য় তলা) মতিখিল বা/এ, ঢাকা-১০০০ এই ঠিকানায় ৩০ জুলাইয়ের মধ্যে আবেদন করতে পারবেন। -ক্রম বিজ্ঞপ্তি।